গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব দিলীপ কুমার বণিক, অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ০৪ সেপ্টেম্বর ২০২২
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস হল (নীচ তলা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
আলোচ্য বিষয়:

ক) দপ্তর/সংস্থা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ;
খ) সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত যাচাই সংক্রান্ত আলোচনা;
গ) বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

সভাপতি, অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় আলোচ্য বিষয়াবলি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দিলে তিনি তা উপস্থাপন করেন। কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | দপ্তর/সংস্থা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ; | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সভায় আলোচনা করা হয়।<br><br>ক) শুরুতেই নাগরিক সেবাগুলো নিয়ে আলোচনা করা হয়। নাগরিক সেবার মধ্যে তথ্য অধিকার আইনের আওতায় সকল আবেদনকারীকে তথ্য প্রদান করা হচ্ছে মর্মে উপপরিচালক (সংস্থাপন) সভায় অবহিত করেন। এছাড়া অন্যান্য চাহিত তথ্য আইএমডি ও পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা থেকে আবেদনের প্রেক্ষিতে প্রদান করা হচ্ছে।<br>খ) পরিচালক (প্রশাসন) জানান যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাধ্যমে প্রাপ্ত অভিযোগগুলো নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি করা হচ্ছে। তিনি নির্ধারিত সময়সীমার মধ্যে অভিযোগ নিস্পত্তিতে সকল পরিচালকের সহযোগিতা কামনা করেন।<br>গ) প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবগুলো সিটিজেনস্ চার্টার ২০২২-২০২৩ এর আলোকে স্ব স্ব বিভাগ থেকে নিস্পত্তি করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। অনেক সময় মাঠপর্যায় থেকে অসখ্য তথ্য আসার কারনে নথি নিস্পত্তিতে বিলম্ব ঘটে। বিষয়গুলো নিয়ে সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সভায় আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) সেবা প্রত্যাশিদের আবেদনের প্রেক্ষিতে তথ্যসমূহ নীতিমালা অনুসরণপূর্বক প্রদান নিশ্চিত করা হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন/ মনিটরিং ও মূল্যায়ন/ আইএমডি)।<br>খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাধ্যমে প্রাপ্ত অভিযোগগুলো নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন)।<br><br>গ) দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণে সেবার সাথে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে আলোচনা সভা আয়োজন করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | স্টেকহোল্ডারদের নিয়ে অবহিতকরণ সভা করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করা হয়।<br>ঘ) পাঠ্যক্রম ও গবেষণা শাখার ফোকাল কর্মকর্তা জনাব ফয়েজুন নাহার সভায় প্রস্তাব করেন যে, প্রশাসন শাখা থেকে পিটিআইসহ অন্যান্য কর্মচারীদের বদলি করা হয়। এ কারণে প্রশিক্ষণ শাখা থেকে তাদের বিভিন্ন ধরণের ছুটি, বিভাগীয় মামলা, পেনশন. পিআরএল, বিভাগীয় অনাপত্তি সনদ, উচ্চতর গ্রেড প্রদান ইত্যাদি কার্যক্রমগুলো নিষ্পন্নে অধিকাংশ সময়ে জটিলতার সৃষ্টি হয় এবং নিষ্পত্তিতে অধিক সময়ের প্রয়োজন হয়। যদি সকল গ্রেডের কর্মচারীদের কার্যক্রমগুলো প্রশাসন বিভাগ থেকে নিষ্পন্ন করা হয় তাহলে জটিলতা হ্রাস পাবে এবং কর্মচারীদের হয়রানি লাগব হবে। সিটিজেনস্ চার্টারে উল্লেখিত কার্যক্রমগুলো পরবর্তীতে প্রশাসন বিভাগ থেকে সম্পন্ন করা হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ০২টি প্রশিক্ষণ/ কর্মশালার আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে মর্মে উপপরিচালক (সংস্থাপন) সভায় অবহিত করেন। প্রশিক্ষণ/ কর্মশালাগুলো আগামী ডিসেম্বর ২০২২ এর মধ্যে সমাপ্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>চ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ০৪টি সভা/কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত রয়েছে। প্রতি ত্রৈমাসিকে ০১টি করে সভা/কর্মশালা আয়োজনের জন্য সভায় আলোচনা করা হয়। | ঘ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন কর্মচারীদের বিভিন্ন ধরণের চাকরি সংক্রান্ত কার্যক্রম প্রশাসন বিভাগ থেকে নিষ্পন্ন করা হবে। এ বিষয়ে মহাপরিচালকের সদয় সম্মতি গ্রহণ করা হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ)।<br>ঙ ও চ) কর্মপরিকল্পনা মোতাবেক প্রশিক্ষণ/ কর্মশালা এবং স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ০৪টি সভা/কর্মশালা নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করা হবে।<br>বাস্তবায়ন: উপপরিচালক (সংস্থাপন)। |
| ২ | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত যাচাই সংক্রান্ত আলোচনা; | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা' ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি যাচাইয়ের নিমিত্ত সরাসরি সেবা গ্রহীতাদের সাথে আলোচনা/ মতামত গ্রহণ করা যেতে পারে মর্মে অতিরিক্ত মহাপরিচালক সভায় প্রস্তাব করেন। সেক্ষেত্রে তিনি অধিদপ্তরে আগত কয়েকজন সেবা প্রত্যাশীর সাথে আলোচনা করে তাদের মতামত গ্রহণ করেন। মতামতসমূহ যাচাই শেষে তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি লাইন ডিভিশনের পরিচালকগণকে সিটিজেনস্ চার্টারভূক্ত সেবাসমূহ সহজিকরণের উদ্যোগ নিতেও অনুরোধ করেন। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা' ২০২২-২০২৩ মোতাবেক সকল সেবা নির্ধারিত সময়ের মধ্যে প্রদান নিশ্চিত করা হবে। প্রতি ত্রৈমাসিকে সেবা প্রত্যাশীদের মতামত যাচাই করে সেবা প্রদান কার্যক্রম সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (সকল)। |

২। অতপর বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

দিলীপ কুমার বণিক
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৫০৭৪৮৯৬৮
ই-মেইল: adgdpe@gmail.com

নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৪.২১- ৯৮৬

তারিখ: ২৪ ভাদ্র, ১৪২৯
০৮ সেপ্টেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে সিটিজেনস্ চার্টার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩. উপপরিচালক (সংস্থাপন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।

৮/৯/2022

মোঃ ইমামুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন)